

ইন্দ্রজালিক

শাহরিনা শাহুমা

শাহনূরুমা শান্তনা





তাদের ধ্বংস থেকে রক্ষা করেছি আমি। প্রতারণা করেছে আমার সাথে। এবার দেখি কে তাদের রক্ষা করে!

কিছুকাল পূর্বে, ১২৮৪ সাল, জার্মানি, স্যাক্সনি, হ্যামিলিন



মেয়র, ইঁদুরের এই অত্যাচার সহ্যসীমা ছাড়িয়ে গেছে, ইঁদুরের উৎপাত এত বেড়েছে যে প্লেগ ছড়িয়ে পড়ছে। এখনই কিছু না করলে মহামারী আকারে ছড়িয়ে পড়বে। কিছু একটা করুন!



হুম!



তিনি কথা দিয়েছেন কেউ যদি ইঁদুর দমন করতে পারে তাকে সে যা চাইবে তাই দেওয়া হবে।



হ্যামিলিন ছেড়ে চলে যেতে হবে, প্লেগ মহামারী আকারে ছড়িয়ে পড়লো বলে।

কিন্তু মেয়র তো ঘোষণা দিয়েছেন ইঁদুর দমন করার।



যা চাইবে তাই...

মেয়র, আমি
আপনাকে
ও হ্যামিলিনবাসীকে
ইদুরের আক্রমন থেকে
মুক্তি দেব, কিন্তু শর্ত
একটাই, আমাকে আমার
পারিশ্রমিক হিসেবে
১০০০
গিলড্যার দিতে হবে।

যা চাইবে তাই দেব!
চাইলে পুরো হ্যামিলিন
তোমায় লিখে দেব,
শুধু এ ইদুরের হাত
থেকে আমাদের মুক্তি দাও!

না, ঠিক ১০০০
গিলড্যার আমার চাই,
তবে প্রতিশ্রুতি ভঙ্গ করা
চলবে না। কথা দিতে হবে।

কথা দিলাম...
কথা দিলাম!

কি বিশ্বয়কর! আজব বটে, পাইপার কি বাঁশি বাজালেন! মোহ নাকি?
শত শত না, না হাজার হাজার ইদুর তার পিছু নিয়ে হ্যামিলিন ছাড়লো। কোথায় গেল
এত ইদুর কে জানে! কেউ বলে শহরের অপর পাড়ের নদীতে ইদুর নাকি ডুবে মরেছে।
একি জাদু! আজব সুরে কিনা ইদুরও মোহাচ্ছন্ন হয়ে গেল!

আমার কাজ শেষ।
আপনি আপনার
প্রতিশ্রুতি রক্ষা
করুন মেয়র।

এই নাও ৫০০ গিল্ড্যার।

কিন্তু এ
কথা তো ছিল না!
১০০০ গিল্ড্যারের কথা ছিল!!

এমন কি কাজ করেছে? বাজিয়েছে তো
কেবল বাঁশি! যাও, যাও। এর চেয়ে বেশি কিছু
পাবে না।

তো! শেষ পর্যন্ত কথা রাখলেন না আপনি! এক গিল্ড্যার কম হলেও
আমি নেব না। আর আপনি কথা না রাখলে তা হ্যামিলিনের জন্য ভালো হবে না,
মেয়র!

যাও,
যাও! কি
করবে হে
তুমি
ভিখারী!!

আমি চলে
যাচ্ছি
কিন্তু আমি
আবার
আসবো

আমার প্রতিশোধ নিতে। তৈরী থাকবেন... মেয়র!

কথা রাখেনি তারা! প্রতারণা করেছে, ধোঁকা দিয়েছে আমাকে।

ফল তারা ভোগ করবে। ২৬ জুন, সেইন্ট জন ও পল দিবস কাল। হ্যামিলিনের ১৩০ শিশুকে আমি কাল নিয়ে যাব আমার সুরে মুগ্ধ করে, কোপেনবার্গ চুড়ায়। তারা আর ফিরে আসবে না। সম্ভ্রানহীন হবে হ্যামিলিনবাসী, কোনদিন ভুলবে না আমাকে। ভুলবে না প্রতিশ্রুতি ভঙ্গের ফলাফল। কিন্তু তাদের অস্তিত্ব আমি বিলীন হতে দেব না। হ্যামিলিনকে রক্ষা করবে তিন শিশু, যারা বেঁচে থাকবে আমার গল্প অন্যের কাছে তুলে ধরতে।



তিন শিশুর একজন হবে বধির, যে আমার সুর শুনতে পাবে না।



একজন হবে অন্ধ, যে পথ দেখে আমায় অনুসরণ করতে পারবে না।



একজন হবে খোঁড়া, যে আমার পথে হাঁটতে পাবে না।



আজ থেকে সবাই হ্যামিলিনকে চিনবে
এবং চিনবে হ্যামিলিনের
পাইড পাইপারকে

যে অন্যায় মেনে নেয়নি।